জীবন বীমা ক্ষেত্রে শীর্ষ নাম

# সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ

# Sandhani Life Insurance Company Ltd.

প্রধান কার্যালয় ঃ সন্ধানী লাইফ টাওয়ার, রাজউক প্লট নং-৩৪, বাংলামটর, ঢাকা-১০০০

## ইসলামী জীবন বীমা দলিল (তাকাফুল)

যেহেতু বীমাগ্রাহক **সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ** এর অধীনে ইসলামী জীবন বীমা (তাকাফুল) দলিলের জন্য সংযুক্ত সিডিউলে বর্ণিত প্রদেয় প্রথম প্রিমিয়াম পরিশোধ করিয়াছেন এবং পরবর্তী প্রিমিয়ামসমূহ যথারীতি পরিশোধ করিবেন। অতএব, **সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ** (অতঃপর 'কোম্পানী' নামে অভিহিত)-এর ইসলামী জীবন বীমার এই পলিসির বিধি ও শর্তাবলী আল-মুদারাবা নীতি অনুযায়ী বীমা চালু থাকা সাপেক্ষে সংযুক্ত সিডিউল বর্ণিত প্রতিপ্রাপ্য এবং উল্লিখিত সিডিউলে বর্ণিত (যদি থাকে) তাবাররু বা সহযোগী বীমা চুক্তির বিধান অনুযায়ী অতিরিক্ত সুবিধাদি প্রদানে সম্মত হইয়াছে। (যদি থাকে) তাবাররু বা সহযোগী বীমা চুক্তি (যদি থাকে) - এর জন্য নির্ধারিত প্রিমিয়ামের পরিমাণ উল্লিখিত সিডিউলে দেখানো হইয়াছে। বীমাগ্রাহক এবং অথবা অংশগ্রহণকারী (বীমাবৃত) ব্যক্তি কর্তৃক এই বীমার জন্য দাখিলকৃত প্রস্তাবপত্র ও ঘোষণা এবং পরীক্ষাকারী ডাক্তারের নিকট প্রদত্ত বিবৃতি এই চুক্তিপত্রের ভিত্তিরূপে গণ্য হইবে।

**সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ** এর পক্ষে এই ইসলামী জীবন বীমা (তাকাফুল) দলিল স্বাক্ষরিত।

পরীক্ষাকারী (Examined by) | প্রতিস্বাক্ষর (Countersigned) | ব্যবস্থাপনা পরিচালক (Managing Director)

# সাধারণ শর্তাবলী

১। **চুক্তি ঃ** এই পলিসি এবং ইহার জন্য প্রদত্ত আবেদনপত্র, যাহার একটি অনুলিপি এতদসংযুক্ত ও ইহার অংশরূপে গণ্য এবং এতদসংক্রান্ত দাখিলকৃত অন্যান্য বিবরণাদি উভয় পক্ষের মধ্যে সম্পাদিত পূর্ণাঙ্গ চুক্তি হিসাবে গণ্য হইবে। বীমাবৃত ব্যক্তি কর্তৃক প্রদত্ত সকল বিবৃতি, কিংবা বীমাবৃত ব্যক্তি ও পলিসি গ্রাহক যদি একই ব্যক্তি না হন, তাহা হইলে পলিসি গ্রাহকের বিবৃতি কোনরূপ প্রতারণার অনুপস্থিতি সাপেক্ষে শুধুমাত্র বক্তব্য হিসাবে গণ্য হইবে এবং কোনক্রমেই দাবী হিসাবে বিবেচিত হবে না। যদি কোনও বিবৃতি আবেদনপত্রে লিপিবদ্ধ না থাকে তাহা হইলে উক্ত বিবৃতি এই পলিসির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না এবং পলিসির কোনও দাবীর স্বপক্ষে ব্যবহৃত হইবে না। যদি বীমাবৃত ব্যক্তি বীমার দায় নিরূপনের ক্ষেত্রে কোম্পানীকে বিভ্রান্ত করিবার উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে কোনও গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করা হইতে বিরত থাকেন অথবা অসত্য বিবৃতি প্রদান করিয়া থাকেন এবং অনুরূপ ইচ্ছাকৃত বিচ্যুতি বা অসত্য ঘোষণা যদি কোম্পানী কর্তৃক আবিস্কৃত হয়, তাহা হইলে পলিসি বাতিল বলিয়া গণ্য হইবে এবং প্রদত্ত সকল প্রিমিয়াম কোম্পানী কর্তৃক অফেরতযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

বিশেষ প্রতিবিধানসমূহ কেবলমাত্র এই পলিসিতে পৃষ্ঠাংকনের মাধ্যমে অথবা কোম্পানী কর্তৃক লিখিতভাবে স্বীকার হইলেই বৈধ বলিয়া গণ্য হইবে। কেবল মাত্র ম্যানেজিং ডাইরেক্টর অথবা কোম্পানীর পরিচালকমন্ডলী অথবা শরিয়াহ্ কাউন্সিল কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি প্রিমিয়াম প্রদানের সময়সীমা সম্প্রসারণ অথবা তামাদির ক্ষেত্রে পলিসি পুনর্বহাল অথবা এই চুক্তিপত্রে কোনরূপ পরিবর্তন সাধনের অনুমোদন দিতে পারে। অন্য কাহারও এই অধিকার নাই।

২। **পলিসি শুরু ঃ** প্রিমিয়াম এর প্রথম কিস্তি কোম্পানী কর্তৃক সম্পূর্ণরুপে না পাওয়া পর্যন্ত এই পলিসি চালু হইবেনা। একক প্রিমিয়াম বা অনেকগুলি ধারাবাহিক প্রিমিয়াম এ প্রথমটি বীমা ঝুঁকি শুরুর তারিখে অবশ্যই প্রদেয় ও পরিশোধযোগ্য।

৩। **পলিসির আপত্তিমুক্তি ঃ** এই পলিসি শুরু অথবা পুনর্বহালের তারিখ হইতে দুই বৎসর চালু থাকার পর বীমাকৃত ব্যক্তির জীবদ্দশায় বীমাটি আপত্তিমুক্ত হিসাবে বিবেচিত হইবে। অবশ্য প্রিমিয়াম এবং/অথবা বিনিয়োগের আয় অনাদায় কিংবা বর্ণিত কোনও শর্ত বা পরবর্তিকালে পলিসিতে পৃষ্ঠাংকনের মাধ্যমে স্বীকৃত কোনও শর্ত লংঘন এই নিশ্চয়তার আওতাবহির্ভূত হইবে।

৪। **প্রিমিয়াম ও ট্যাক্স ঃ** সিডিউলে বর্ণিত এই পলিসির জন্য প্রদেয় সকল প্রিমিয়াম কোম্পানীর বৈধ রসিদ প্রাপ্তিসাপেক্ষে কোম্পানীর কেন্দ্রীয় অফিসে বা কোম্পানীর কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা কর্মকর্তা-এর নিকট অগ্রিম পরিশোধযোগ্য। কোম্পানীর কোন এক্সিকিউটিভ অফিসার কর্তৃক স্বাক্ষরিত এবং কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত না হইলে অনুরূপ রসিদ বৈধ বলিয়া গণ্য হইবে না।

যদি প্রিমিয়াম প্রদানের পদ্ধতি বার্ষিক (পলিসি শুরুর তারিখ হইতে পলিসি বর্ষ গণনা করা হয়) না হইয়া ষান্মাসিক, ত্রৈমাসিক কিংবা মাসিক ভিত্তিতে প্রদেয় হয় এবং বীমাকৃত ব্যক্তির মৃত্যুর পূর্বে যদি পলিসি তামাদি বা বাতিল না হয়, তাহা হইলে তাহার মৃত্যুর সময় পর্যন্ত সংশ্লিষ্ট পলিসিবর্ষের জন্য প্রযোজ্য নবায়ন প্রিমিয়াম এর কোন অংশ অপরিশোধিত থাকলে তাহার সমপরিমাণ অর্থ বীমা অংক হইতে কাটিয়া রাখা হইবে। আইনে সুনির্দিষ্টভাবে ভিন্নরূপে বর্ণিত না থাকলে সংশ্লিষ্ট সরকারী কর, স্ট্যাম্প-ডিউটি এবং অন্যান্য আইনগত মাশুল (যদি থাকে) সহ সম্পূর্ণ প্রিমিয়াম কোম্পানী বরাবর পরিশোধ করিতে হইবে।

৫। **অনুগ্রহকাল ঃ** প্রিমিয়াম পরিশোধের পর পরবর্তী প্রতিটি প্রিমিয়াম নির্ধারিত তারিখ হইতে এক মাস (ত্রিশ দিন) অনুগ্রহকালের মধ্যে পরিশোধ করা যাইবে। এই অনুগ্রহকালে পলিসি চালু থাকবে। অনুগ্রহকালের মধ্যে মৃত্যু হইলে প্রদানযোগ্য বীমার অর্থ হইতে কোম্পানীর অন্যান্য পাওনা (যদি থাকে) সহ বকেয়া প্রিমিয়াম কাটিয়া রাখা হইবে। অনুগ্রহকালে মধ্যে প্রিমিয়াম জমা দেওয়া না হইলে 'বিচ্যুতি' ঘটিয়াছে বলিয়া বিবেচিত হইবে। দুইটি পূর্ণ বার্ষিক প্রিমিয়াম প্রদানের পূর্বে অনুরূপ বিচ্যুতি ঘটিলে, সংশ্লিষ্ট তারিখ হইতে পলিসিটি অচল ও তামাদি হইয়া যাইবে এবং ইতিমধ্যে জমাকৃত সকল প্রিমিয়াম কোম্পানী কর্তৃক অফেরতযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

৬। **বিধিনিষেধ-মুক্তি ঃ** বীমা আইনের বিধান, সিডিউলভুক্ত বিশেষ প্রতিবিধান এবং কোম্পানী কর্তৃক কৃত বা ভবিষ্যতে কৃতব্য প্রতিটি পৃষ্ঠাংকনের শর্তাবলী সাপেক্ষে বিদেশ ভ্রমণ, বসবাস বা উপজীবিকা সম্পর্কিত সকল বিধি নিষেধ হইতে এই পলিসি মুক্ত থাকিবে।

৭। **স্বত্বার্পণ ও মনোনয়ন ঃ** স্বত্বার্পণ বা মনোনয়ন অথবা মনোনীত প্রতিপ্রাপক বাতিল বা পরিবর্তনের জন্য প্রদত্ত প্রতিটি নোটিশে তারিখ ও উদ্দেশ্য ব্যক্ত করিতে হইবে এবং তাহা কোম্পানীর কেন্দ্রীয় বা অনুমোদিত কার্যালয়ে প্রেরণ করিতে হইবে। নোটিশ প্রাপ্তির পর প্রযোজ্য মাশুল ও একটি অনুলিপিসহ তাহা গ্রহন করা হইবে। প্রতিটি মনোনয়ন ১৯৩৮ সনের বীমা আইনের ৩৯ নং ধারা অনুযায়ী করা হইয়াছে বলিয়া গন্য করা হইবে। কোনও স্বত্বার্পণ লিপিবদ্ধ করার মাধ্যমে কোম্পানী উহার বৈধতা বা আইনানুগ কার্যকারিতা সম্পর্কে দায়িত্ব গ্রহণ বা মতামত ব্যক্ত করে না।

৮। **বয়সের কারণে সমন্বয় ঃ** এই পলিসির কোনও দাবী নিস্পত্তি করিবার পূর্বে বীমাকৃত ব্যক্তির বয়সের সন্তোষজনক প্রমাণ দাবী করিবার অধিকার কোম্পানী সংরক্ষণ করে। পলিসি গ্রহণকালে যদি বয়স কম উল্লেখ করা হয়, তাহা হইলে বীমা শুরু হওয়ার সময় প্রকৃত বয়সে কোম্পানীর প্রিমিয়াম তালিকা অনুযায়ী যে অংকের পলিসি প্রদত্ত প্রিমিয়ামের বিনিময়ে পাওয়া সম্ভব হইত, সে অংকের অর্থই বীমার দাবী হিসাবে প্রদানযোগ্য হইবে।

যদি বীমাকৃত এর বয়স ভুলবসতঃ বেশী দেখানো হইয়া থাকে তাহা হইলে কোনও সার্ভিস চার্জ যোগ বা মাশুল কর্তন করিয়া প্রদত্ত অতিরিক্ত প্রিমিয়াম বীমাকৃত বা তাহার মনোনীত প্রতিপ্রাপককে ফেরৎ দেওয়া হইবে।

যদি বীমাকৃত ব্যক্তির বয়স সাত বৎসর বা ততোধিক কম এবং/বা এতটা উল্লেখ করা হইয়া থাকে যে, পলিসি শুরুর তারিখে তাহার প্রকৃত বয়স জ্ঞাত থাকিলে যদি প্রিমিয়াম নির্ধারন অথবা অবলিখনজনিত অসুবিধার কারণে কোম্পানী পলিসির আবেদনপত্রটি গ্রহণ করিত না তাহা হইলে প্রযোজ্য সকল আইনগত ও অন্যান্য খরচ ও কর বিয়োগান্তে প্রদত্ত আংশিক বা পূর্ণ প্রিমিয়াম মুনাফা ছাড়াই কোম্পানী ফেরৎ প্রদান করিবে।

৯। **পুনর্বহাল ঃ** নগদ মূল্যের বিনিময়ে সমর্পণ করা না হইয়া থাকিলে বীমাকৃত ব্যক্তির বীমাযোগ্যতার গ্রহণযোগ্যতা সন্তোষজনক প্রমাণ দাখিল ও বকেয়া সকল প্রিমিয়াম এবং এই পলিসি বাবদ অন্য কোন দেনা থাকিলে তাহা কোম্পানীর তাকাফুল নিয়মানুযায়ী পরিশোধ করা সাপেক্ষে পলিসিটি 'বিচ্যুতির' তারিখ হইতে পাঁচ বছরের মধ্যে পুনর্বহাল করা যাইবে। বীমাকৃত এর বীমাযোগ্যতার প্রমাণ পুরোপুরি সন্তোষজনক না হইলেও এ পলিসি ঈষৎ পরিবর্তনসহ (যদি প্রয়োজন হয়) পুনর্বহালের জন্য কোম্পানী বিবেচনা করিতে পারে। অনুরুপ ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তন বা পরিমিতকরণ সম্পর্কে কোম্পানী বীমাকৃত ব্যক্তিকে পূর্বাহ্নে লিখিতভাবে অবহিত করিবে। এই পলিসি পুনর্বহালকল্পে বীমাকৃত ব্যক্তি বীমাগ্রাহক কর্তৃক প্রদত্ত সকল লিখিত বিবৃতি পলিসির অবিচ্ছেদ্য অংশ হিসাবে গণ্য হইবে এবং বীমাকৃত ব্যক্তি বা বীমাগ্রাহক প্রতারণার মাধ্যমে পলিসি পুনর্বহাল করান তাহা হইলে পলিসিটিকে বাতিল করিবার অধিকার কোম্পানী সংরক্ষণ করে।

১০। **বিশেষ পুনর্বহাল ব্যবস্থা ঃ** সমর্পণ মূল্য অর্জনের পূর্বে যদি এই পলিসির প্রিমিয়াম প্রদান বন্ধ হয় তাহা হইলে অনুরুপ প্রিমিয়াম প্রদান বন্ধের তারিখ হইতে পাঁচ বৎসরের মধ্যে বীমাকৃত এর ব্যয়ে তাহার বীমাযোগ্যতার সন্তোষজনক প্রমাণ দাখিল সাপেক্ষে বীমা শুরু এবং মেয়াদ পূর্তির তারিখ অগ্রসর করাইয়া পলিসিটি পুনর্বহাল করা যাইতে পারে। এজন্য প্রয়োজনীয় বিশেষ পুনর্বহাল ফি, বীমা শুরুর পরিবর্তিত তারিখের বীমাকৃত এর প্রকৃত বয়স অনুযায়ী নির্ধারিত একটি প্রিমিয়াম কিস্তি এবং উহার ভিত্তিতে পূর্বে প্রদত্ত প্রিমিয়াম এর পার্থক্য সার্ভিসচার্জসহ পরিশোধ করিতে হইবে। পলিসির মেয়াদকালের মধ্যে মাত্র একেবারই কেবল এই সুবিধা গ্রহণ করা যায়।

১১। **নগদ সমর্পণ মূল্য ঃ** দুইটি পূর্ণ বার্ষিক প্রিমিয়াম প্রদান করার পর এই পলিসি নগদ সমর্পণ মূল্য অর্জন করিবে। পলিসিতে ভিন্নভাবে উল্লিখিত না থাকিলে লিখিত অনুরোধ এইরূপ অর্জিত নগদ সমর্পণ মূল্য অবহিত করা হইবে।

১২। **বাজেয়াপ্ত না করা সম্পর্কিত বিকল্প নিয়মাবলী ঃ** নগদ সমর্পণ মূল্য অর্জনের পর অনুগ্রহকালের মধ্যে প্রিমিয়াম পরিশোধ করা না হইলেও পলিসি একেবারে বাতিল হইবে না। অনুরুপ ক্ষেত্রে বীমাগ্রাহক নিম্নে ব্যাখাকৃত বিকল্পগুলির যে কোন একটির সুবিধা গ্রহণের ইচ্ছা লিখিতভাবে ব্যক্ত করিতে পারেন। বিধিমতে পলিসির জন্য প্রদত্ত আবেদনপত্রে এই ইচ্ছা ব্যক্ত করিতে হয়। তবে কোন প্রিমিয়াম বকেয়া না থাকিলে, পরবর্তীকালেও বিকল্প গ্রহণ বা পরিবর্তন করা যাইতে পারে। বীমা গ্রহণ যদি এই পলিসির জন্য দাখিলকৃত প্রস্তাবপত্রে বা অত্র পলিসির 'বিচ্যুতি' সংঘটিত হইবার পূর্বে কোনও বিকল্প গ্রহণ না করিয়া থাকেন অথবা যদি কোন পরিকল্পের জন্য বিশেষ একটি বিকল্প পূর্ব নির্ধারিত না থাকে, তাহা হইলে: **বিকল্প 'ক'** স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হইবে।

বিকল্প ‘ক’ ঃ বকেয়া প্রিমিয়াম এর তারিখ হইতে পলিসির অর্জিত সমর্পণ মূল্য নিঃশেষ না হওয়া সাপেক্ষে অনধিক এক বৎসরের জন্য উক্ত সমর্পণ মূল্যের প্রতিপক্ষে পলিসির উপর স্বয়ংক্রিয়ভাবে বিনিয়োগ সৃষ্টি করিয়া পলিসি চালু রাখা হইবে। উক্ত সময়ের পরও পলিসির উপর অর্জিত সমর্পণ মূল্য নিঃশেষ না হইয়া থাকিলে উহা স্বয়ংক্রিয়ভাবে হ্রাসকৃত অংকের সম্পাদিত বীমার রূপান্তরিত হইবে।

বিকল্প ‘খ’ ঃ পলিসির উপর দেয়া প্রিমিয়াম অনুগ্রহকালের মধ্যে পরিশোধিত না হইলে যতক্ষণ পর্যন্ত পলিসিতে অর্জিত নীট নগদ সমর্পণ মূল্য ঐ বিকল্প ‘ক’ বকেয়া প্রিমিয়াম এর সমান বা অধিক থাকিবে, ততক্ষণ পর্যন্ত ঐ নগদ সমর্পণ মূল্যের প্রতিপক্ষে স্বয়ংক্রিভাবে বিনিয়োগ সৃষ্টি করিয়া দেয় প্রিমিয়াম পরিশোধ করা হইবে এবং পলিসিটি পুরোপুরি চালু রাখা হইবে। যদি নীট নগদ সমর্পণ মূল্য অনুগ্রহকালের মধ্যে অপরিশোধিত দেয় প্রিমিয়াম এর কম হয়, তবে আরও কিছু ভগ্নাংশ কালের জন্য পলিসি চালু থাকিবে। দেয় বকেয়া প্রিমিয়াম অংকের সহিত নীট নগদ সমর্পণ মূল্যের যে আনুপাতিক সম্পর্ক, সেই একই অনুপাতে বকেয়া প্রিমিয়াম এর সময়কালের তুলনায় ভগ্নাংশ কালের সময়সীমা নির্ধারিত হইবে। ঐ সময় অতিক্রান্ত হওয়ার পর পলিসিটি বাতিল ও উহার সকল সুবিধাদি বাজেয়াপ্ত হইবে। এইরূপ স্বয়ংক্রিয় বিনিয়োগের উপর কোম্পানী কর্তৃক নির্ধারিত হারে সার্ভিসচার্জ প্রদান করিতে হইবে। বীমাগ্রাহক পলিসি বাতিল হওয়ার পূর্বে যে কোন সময়ে বকেয়া প্রিমিয়াম ও সার্ভিসচার্জ পরিশোধ করিয়া উহা বিনিয়োগভুক্ত করিতে পারিবেন। প্রিমিয়াম বাবদ প্রদত্ত বিনিয়োগের সার্ভিচার্জসহ পলিসির প্রথম দায় হিসাবে গণ্য হইবে এবং বীমা গ্রাহক যে অর্থ প্রদান করিবেন তাহা হইতে অথবা পলিসি বাবদ কোন অংক পরিশোধ করিবার পূর্বে প্রথমেই উহা কাটিয়া রাখা হইবে।

বিকল্প ‘গ’ ঃ এই ব্যবস্থায় পলিসিটিকে একটি হ্রাসকৃত অংকের সম্পাদিত বীমায় রূপান্তর করা হইবে এবং আর কোনও প্রিমিয়াম প্রদান করিতে হইবে না। কোম্পানীর কোন পাওনা থাকিলে তাহা কাটিয়া রাখিয়া হ্রাসকৃত সম্পাদিত অংক নির্ধারন করিয়া জানাইয়া দেওয়া হইবে এবং উহা অর্জিত মুনাফাসহ উক্ত পলিসির মেয়াদপূর্তির পর অথবা তৎপূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হইলে পরিশোধযোগ্য হইবে। বীমাগ্রাহকের অনুরোধে হ্রাসকৃত সম্পাদিত বীমা অংক নির্ণয় করিয়া জানাইয়া দেওয়া হইবে। সম্পাদিত বীমা অংক নির্ণয়কালে পলিসিতে ইতিপূর্বে সংযোজিত (যদি হইয়া থাকে) মুনাফা হিসেবের মধ্যে ধরা হইবে।

১৩। **বিনিয়োগ সুবিধা ঃ** নগদ সমর্পণ মূল্য অর্জনের পর পলিসি চালু থাকাকালে যে কোনও সময়ে বীমাগ্রাহক কোম্পানীর প্রচলিত বিধান সাপেক্ষে যথাযথ পৃষ্ঠাংকনের মাধ্যমে পলিসি জামানত রাখিয়া বিনিয়োগ সুবিধা গ্রহণ করিতে পারিবেন। পূর্ববর্তী কোনও বিনিয়োগ থাকিলে তাহা এবং বকেয়া মুনাফা (যদি থাকে) সহ বিনিয়োগের সর্বমোট পরিমাণ কোনও ক্ষেত্রেই নগদ সমর্পণ মূল্যের ৯০% এর অধিক হইতে পারিবে না। বিনিয়োগ গ্রহনকালে প্রদেয় মুনাফা হার কোম্পানী নির্ধারন করিবে। পলিসির বর্ষপূর্তির দিনে অথবা কোম্পানী কর্তৃক নির্ধারিত সময়ান্তের মুনাফা পরিশোধযোগ্য হইবে। অপরিশোধিত মুনাফা বিনিয়োগের মূল অংকের সহিত যুক্ত হইবে। পলিসির যে কোনও দাবী নিষ্পত্তিকালে বকেয়া মুনাফাসহ বিনিয়োগের সমুদয় অর্থ কর্তন করিয়া লওয়া হইবে। যদি কোনও সময়ে নির্ণয়কৃত মুনাফাসহ বিনিয়োগের পরিমাণ নগদ সমর্পণ মূল্য অপেক্ষা অধিক হয় তাহা হইলে পলিসি বাতিল হইয়া যাইবে।

১৪। **বীমার অর্থ নিষ্পত্তি ঃ** বিশেষ প্রতিবিধানের ভিন্নরূপ উল্লিখিত না হইলে নির্ধারিত দলিল পত্রাদি প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে পলিসি ইস্যুর স্থান হইতে ইহার সকল দাবী নিষ্পত্তি করা হইবে। প্রদেয় দলিল পত্রাদির মধ্যে বিশেষতঃ এ পলিসি, পূর্বে সময় প্রমানিত না হইয়া থাকিলে জন্ম সার্টিফিকেট বা অনুরূপ গ্রহণযোগ্য বয়সের কোনও প্রমাণপত্র এবং সর্বশেষ প্রিমিয়াম এর রশিদ জমা দিতে হইবে। বীমাকৃত এর মৃত্যুর ক্ষেত্রে উপরোক্ত দলিলাদি ছাড়াও মৃত্যুর সার্টিফিকেট, চিকিৎসাকারী ডাক্তারের বিবৃতি এবং বীমার অর্থ প্রতিপ্রাপকের সনাক্তকারী প্রমাণপত্র দাখিল করিতে হইবে। বীমাকৃত ব্যক্তির মৃত্যু সম্পর্কে যথাশীঘ্র সম্ভব কোম্পানীকে অবহিত করিতে হইবে।

পলিসি হইতে প্রদানযোগ্য অর্থ অবিভাজ্য এবং তাহা সকল প্রতিপ্রাপক কর্তৃক যৌথভাবে প্রদত্ত একটিমাত্র দায়মুক্তিপত্রের বরাবরে পরিশোধ করা হইবে। এই পলিসিতে প্রযোজ্য সকল দায় দেনা উহার দাবী নিষ্পত্তি বাবদ প্রদানযোগ্য অর্থ হইতে প্রথমেই কর্তন করা হইবে।

১৫। **বীমাকৃত এর মৃত্যুর ক্ষেত্রে প্রযোজ্য বিধিনিষেধ ঃ**

**(ক) আত্মহত্যা ঃ** পলিসি শুরু অথবা পুনর্বহালের তারিখ হইতে দুই বৎসরের মধ্যে যদি বীমাকৃত ব্যক্তি সুস্থ অথবা বিকৃত মস্তিষ্কে আত্মহত্যা করেন, তাহা হইলে অনুরূপ মৃত্যু পর্যন্ত পলিসি চালু থাকা সাপেক্ষে উহার অধীনে প্রথম বৎসরে প্রিমিয়াম বাদে প্রদত্ত সকল প্রিমিয়াম ফেরতের মধ্যে কোম্পানীর দায় সীমাবদ্ধ থাকিবে। এইরূপ প্রদানযোগ্য অর্থ হইতে পলিসির অধীনে কোন দেনা থাকিলে তাহা কাটিয়া রাখা হইবে।

**(খ) খুন ঃ** বীমার সুবিধাদি যাহার প্রাপ্য তাহার ইচ্ছাকৃত কোন কার্যের ফলে যদি বীমাকৃত ব্যক্তির মৃত্যু ঘটে, তাহা হইলে সেই প্রতিপ্রাপক বীমা অংকের উপর তাহার অধিকার হারাইবেন। তবে উক্ত বীমা অংক পলিসির অপর প্রতিপ্রাপক (গণ) অথবা আইনানুগভাবে দাবী করিতে পারেন এমন ব্যক্তিগণ এর বরাবরে পরিশোধযোগ্য হইবে।

১৬। **হারানো বীমা দলিল ঃ** যে কোনও অর্থ পরিশোধের পূর্বে পলিসি দলিলটি কোম্পানীর নিকট জমা দিতে হইবে। যদি কখনও পলিসিটি খোয়া যায় অথবা বিনষ্ট হয়, তাহা হইলে সে সম্পর্কে কোম্পানীর ঢাকাস্থ কেন্দ্রীয় কার্যালয়ে অবশ্যই লিখিতভাবে জানাইতে হইবে। নির্ধারিত সার্ভিসচার্জ প্রদান করিলে সংরক্ষণের উদ্দেশ্যে পলিসির একটি নকল সরবরাহ করা হইবে। সংশ্লিষ্ট নিয়মকানুন ও আইনগত আনুষ্ঠানিকতা সম্পন্ন হইবার পর বীমাগ্রাহকের ব্যয়ে যথাযথ স্ট্যাম্প সম্বলিত বিকল্প নতুন পলিসি দলিল কোম্পানী ইস্যু করিবে।

১৭। **অর্থ নিষ্পত্তির স্বেচ্ছাভিত্তিক পদ্ধতি ঃ** বীমাগ্রাহক বা তাঁহার আইনানুগ প্রতিপ্রাপক এই পলিসির অর্থ একবারে গ্রহণ না করিয়া কোম্পানীর সম্মতিক্রমে একাধিক কিস্তিতে গ্রহণ করিতে পারিবেন।

১৮। **শর্তাবলীর ব্যাখ্যা ঃ** এই পলিসির শর্তাবলীর যে কোনও বিষয়ের যদি কোনরূপ মতদ্বৈততা দেখা দেয়, তাহা হইলে উহার মূল ইংরেজী সংস্করণ অনুসারে বিষয়টি নিষ্পত্তি করা হইবে।

# জীবনবীমার বিশেষ শর্তাবলী

## পূর্বস্বত্ব অনুবিধি

এতৎসত্বেও এখানে যা কিছু অন্তর্ভুক্ত রয়েছে তার বিপরীতে এই মর্মে স্বীকার ও ঘোষণা করা যাচ্ছে যে, বীমা চালু থাকাকালীন মেয়াদের প্রথম ০৩(তিন) / ০৪(চার) / ০৫(পাঁচ) / ০৬(ছয়) / ০৭(সাত) / ০৮(আট) বৎসরের যে কোন সময়ে যদি বীমাগ্রাহকের মৃত্যু হয় তবে সে বীমাঅংক ও লভ্যাংশসমূহ হইতে ২৫% / ৩০% / ৩৫% / ৪০% / ৪৫% / ৫০% / ৬০% / ৭০% টাকা কম প্রাপ্য হইবেন।

## গর্ভাবস্থায় অনুবিধি

বীমা গৃহীত কোন বিবাহিত মহিলা বীমা মেয়াদের ঝুঁকির তারিখ থেকে কোন কারণে সরাসরি বা পরোক্ষভাবে প্রথম গর্ভধারণের ফলে যদি মৃত্যু হয়, সে ক্ষেত্রে শুধুমাত্র প্রথম বর্ষ / অতিরিক্ত গৃহীত প্রিমিয়ামের টাকা (যদি কিছু থাকে) লভ্যাংশ ব্যতিরেকে ফেরৎ প্রদানে কোম্পানীর দায়িত্ব সীমাবদ্ধ থাকিবে।

পরীক্ষাকারী (Examined by) প্রতিস্বাক্ষর (Countersigned) ব্যবস্থাপনা পরিচালক (Managing Director)

## পৃষ্ঠাংকন (ENDORSEMENT)

مشروع التكافل الإسلامي

# ইসলামী জীবন বীমা দলিল (তাকাফুল)

সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ
Sandhani Life Insurance Company Ltd.

দলিলটিতে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের জন্য অনুগ্রহ করে আমাদের বরাবরে পাঠাবেন।